



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

তারিখ: ০৯.০৫.২০২৫

প্রেস রিলিজ

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সমাপ্ত হল এবছরের গুচ্ছভর্তি পরীক্ষা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ‘এ’ (বিজ্ঞান) ইউনিটের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের গুচ্ছপদ্ধতির ভর্তি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও সুশৃঙ্খলভাবে সম্পন্ন হয়েছে। আজকের পরীক্ষার মধ্য দিয়ে জিএসটি’র ৩টি ইউনিটের পরীক্ষা সমাপ্ত হল। পরীক্ষা সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত অনুষ্ঠিত হয়। এবার ১৯টি বিশ্ববিদ্যালয়ের ২১টি কেন্দ্রে একসাথে গুচ্ছভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। পাবিপ্রবিতে পরীক্ষার্থী ছিল ১১ হাজার ৬৯৬ জন। উপস্থিতির হার ৮৮.৩৮ শতাংশ।

পরীক্ষা শুরুর পর পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল, উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান। এ সময় আরও উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, পরীক্ষা সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট, প্রক্টর, ছাত্র উপদেষ্টা দপ্তরের পরিচালক ও পরীক্ষাসংশ্লিষ্টরা। এর আগে তারা পরীক্ষার্থীদের অভিভাবকদের বসার স্থানে যান এবং তাদের সাথে কথা বলেন। অভিভাবকদের জন্য বিশুদ্ধ খাবার পানি, স্যালাইন, বিস্কুট ও মহিলা অভিভাবকদের জন্য আলাদা টয়লেটের ব্যবস্থা করা হয়। বিশ্ববিদ্যালয়ের সুন্দর ও গোছানো ব্যবস্থাপনায় অভিভাবকরা খুবই সন্তোষ প্রকাশ করেন।

পরীক্ষা শেষে উপাচার্য অধ্যাপক ড. এস এম আব্দুল-আওয়াল সাংবাদিকদের সাথে পরীক্ষা সংশ্লিষ্ট বিষয়ে বলেন, “পরীক্ষা সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। এ ইউনিটে পরীক্ষার্থীর সংখ্যা সবচেয়ে বেশি ছিল। অভিভাবকরা যাতে এখান থেকে ভালো একটি অনুভূতি নিয়ে যেতে পারে, সেজন্য সুন্দর একটি পরিবেশ দেওয়ার জন্য আমরা চেষ্টা করেছি। পরীক্ষার্থীদের নিয়ে আসা বাহিরের গাড়িগুলো একটি নির্দিষ্ট স্থানে রাখারও ব্যবস্থা করা হয়েছে। তিনি আইনশৃঙ্খলা বাহিনী, পরীক্ষা সংক্রান্ত কাজে সংশ্লিষ্টদের ধন্যবাদ জ্ঞাপন করেন।”

স্থাপত্য বিভাগের পরীক্ষার মধ্য দিয়ে এ বছরের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা সমাপ্ত হল। এ পরীক্ষা বিকাল ৩টা থেকে ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হয়। পরীক্ষার্থী ছিল ২৪৬ জন।

০৯.০৫.২০২৫

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।